Hooghly 126 I 126 126/1

130 (11)

SPECIAL ADHESIVE SPECIAL ADHESIVE SPECIAL ADHESIVE SPECIAL ADHESIVE SPECIAL ADHESIVE

STAMP AFFIXED (1)
12/11/83
STAMP SUPERINTENDENT,
CALCUTTA COLLECTORATE

IN#72

Endorsable under Rule 21, and
the ........5........ of the
W. B. I. ...
...
...
... 23 ...
A 349.50
N 1.20
350.70

(24)

14/11

60 (C)
DEEDSALE 12
#88048
omni scanned

Reg 3.50 in stps.

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly
14/11/83

৪ঃ সাফ বিক্রয় কোবালা ঃঃ

মুল্য ছত্রিশ হাজার তিনশত টাকা মাত্র ৷

কোবালা গ্রহীতা ঃ-

লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড
১৯৫৬ সনের কোম্পানী আইনানুসারে
রেজেষ্ট্রীযুক্ত সীমিত দায়যুক্ত
রেজেষ্ট্রার্ড অফিস, ৪নং ম্যাঙ্গো লেন,
কলিকাতা - ৭০০০০১ ।

কোবালা দাতাগণ ঃ-

১। শ্রী গণপতি চট্টোপাধ্যায়
পিতা ধরণীধর চট্টোপাধ্যায়
২। শ্রীমতী নিভাননী চট্টোপাধ্যায়
স্বামী শ্রীগনপতি চট্টোপাধ্যায়
উভয়ের পেশা বিষয়ভোগী
জাতি হিন্দু, সাকিন গ্রাম হোয়েরা
থানা মগরা, জেলা হুগলী ।

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থানীয় মাপে কমবেশী ১.৫০ শতক অর্থাৎ ৴৪।।৴৮০ চার বিঘা দশ কাঠা বার ছটাক শালি জমি মায় তৎসন্নিহিত সর্ব্বপ্রকার ইজমেণ্ট সুত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালাপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা .....

Presented for Registration at 1-30 o'clock on the 14th day of Jan 1983 at the Sub-Registrar's Registration Office by Nivanani Chattopadhay. one of the executants / claimants

নিভাননী চট্টোপাধ্যায়

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly
14/1/83

118

নিভাননী চট্টোপাধ্যায়

119

গণপতি চট্টোপাধ্যায়-

Sumit Roy

Execution is admitted

1) Nivanani Chattopadhay
w/o Ganapati Chattopadhay
of Hayera P.S. - Magra
Dt Hooghly

2) Ganapati Chattopadhay
son of L. Dharanidhar Chattopadhay
of Hayra P.S. Magra
Dist. Hooghly by Caste Hindu
by Profession Jamaholder.

Identified

Sumit Roy
son of L. Nikhil Kr. Roy
of Hayera P.S. Magra
Dist. Hooghly by Caste Hindu
by Profession Jamaholder

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly
14/1/83

জেলা হুগলী থানা মগরা জেঃ এলঃ নং ১, রেঃ সাঃ নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা মধ্যে জিলা কালেকটারীর ৮নং তৌজী ভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ৯৪৪ ও ৯৪৫ নং খতিয়ানের রায়ত দখলি সত্ত্ব বিশিষ্ট ১৬৩৭ এবং ১৬৪০ নং দাগ ভুক্ত ১.৫০ শতক শালি জমিও অন্যান্য দাগের জমি অত্র কোবালাদাতাগণ পাঁচটি ভিন্ন ভিন্ন কোবালা দলিল মুলে খরিদ সুত্রে প্রাপ্ত হইয়া উভয়ে এজমালিতে ১.৫০ শতক শালি জমি ভোগ দখল করিতে থাকেন এবং বিগত রিভিসন্যাল জরিপে তাঁহাদের পুর্ব্ব বায়া শৈলেন্দ্র নাথ চট্টোপাধ্যায়ের নাম রায়ত দখলিকার সত্ত্বে লিপিবদ্ধ হয়। তদনুর উক্ত শ্রী গনপতি চট্টোপাধ্যায় ও শ্রীমতী নিভাননী চট্টোপাধ্যায় উভয়ে অর্থাৎ অত্র কোবালা দাতাগণ উক্ত সম্পত্তি এজমালে ভোগদখল থাকা কালীন উক্ত সম্পত্তি বিক্রয় করিবার প্রস্তাব করায় অত্র কোবালা দাতাগণ উক্ত ১৬৩৭ ও ১৬৪০ নং দাগ ভুক্ত দুই বন্দে চিহ্নিতমতে ও নির্দ্দিষ্ট ১.৫০ একর ৴৪।।.৻০ চার বিঘা দশ কাঠা বার ছটাক শালি জমি মায় ইজমেণ্ট ও আওলাতাদি ও অন্যান্য সত্ত্বাদি সহ সর্ব্বপ্রকারের সত্ত্বাধিকার সহ সম্পত্তি আপনি কোবালা গ্রহীতা ১৯৫৬ সনের কোম্পানী আইন অনুসারে রেজেষ্ট্রীভুক্ত লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড কলকারখানা অফিস ইত্যাদি স্থাপনের উদ্দেশ্যে বিঘা প্রতি ৮,০০০. আট - হাজার টাকা পণে বিক্রয় করিতে ইচ্ছুক হওয়ায় ও আমরা অত্র কোবালা দাতাগণ নানা কারণে ও দেনাদি পরিশোধের নিমিত্ত নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের খাস দখলীয় ১৬৩৭ ও ১৬৪০ নং দাগভুক্ত মাপ সুরত ৴৪।।.৻০ চার বিঘা দশ কাঠা বার ছটাক জমি মায় সর্ব্ববিধ ইজমেণ্ট ও আওলাত ও সর্ব্বপ্রকার সত্ত্বাদি একত্রে নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা আপনার

নিকট .....

14/11/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

নিকট হইতে বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মুল্য বেলমোক্তা ছত্রিশ হাজার তিনশত টাকা পণ গ্রহণ করিয়া ও উক্ত পন মুল্যে অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পণ মুল্যের সমুদয় মোতাবেক টাকা ৩৬,৩০০.০০ ছত্রিশ হাজার তিনশত টাকা পণ নগদ গ্রহণে অত্র সাফ বিক্রয় কোবালামুলে নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করতঃ চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। এবং বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত জমিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া মালেকান সরকারে ও অন্যান্য সরকারী ও বেসরকারী সংস্থায় আমাদের নামের পরিবর্ত্তে নিজ নাম পত্তন ক্রমে করাদি আদায় পুর্ব্বক দান বিক্রয় বিলি পত্তনাদি সর্ব্বপ্রকারে হস্তান্তর অবস্থিতির ও ইট ইমারতাদি নির্ম্মানের স্বত্বাধিকার সুত্রে সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতাযুক্তে যদৃচ্ছামতে ব্যবহারে আমাদের তুল্য ক্ষমতা পরিচালনে স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে নির্ব্যুঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত ভুম্যাদিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব লভ্য দখল হক হকিয়ৎ ছিল বা আছে তাহা অদ্য হইতে নির্ব্যুঢ় স্বত্বে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অদ্য হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার বরাবর নির্ব্যুঢ় স্বত্বে বর্ত্তাইল বা অর্শাইল। কস্মিনকালে আমরা কিংবা আমাদের ওয়ারেশানগণ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ অত্র বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত 'ক' তপশীল বর্ণিত সম্পত্তি আমরা ইতিপুর্ব্বে অন্য কাহারও নিকট কোন প্রকার হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিংবা দায়াবদ্ধ বা রেহানাবদ্ধ করি

নাই ....

14/11/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

নাই। বিক্রীত সম্পত্তিতে কোবালা দাতাগণ ব্যতীত অন্য কোন শরিক অংশীদার বা দাবীদার নাই। বিক্রীত জমি বাকী করের দায়ে বা অন্য কোন কারণে কোন আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই। অথবা বিক্রীত জমি সম্পর্কে কোন অফিস - আদালতে কোন মামলা মোকদ্দমা চলিত নাই বিক্রীত জমি ব্যাঙ্কের দেনার দায়ে বা কাহারও সিকিউরিটিতে আবদ্ধ বা কোন আদালত কর্ত্তৃক কোন কারণে ক্রোকাবদ্ধ নাই। বিক্রীত জমি দেবোত্তর পীরোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রীত জমি গভর্ণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক রিকিউজিসান এ্যাকুইজিসান করা হয় নাই। অথবা বিক্রীত জমি কোন প্রকারের সরকারে কোন কারণে বা কোন আইন বলে ভেষ্টেড হয় নাই বা কোন প্রকার এ্যাইনমেন্টের অন্তর্ভুক্ত হয় নাই। বিক্রীত জমি অল্প মেয়াদী বা দীর্ঘ মেয়াদী কোন প্রকার লীজ প্রদান বা ভাড়া বন্দোবস্ত দেওয়া হয় নাই। উক্ত জমিতে কোন বর্গাদার নাই বা কাহারও নাম বর্গাদাররূপে রেকর্ড হয় নাই। বিক্রীত ভূমি আমরা কাহাকেও বেনাম করি নাই বা আমরা কাহারও বেনামদার নহে। উহা সম্পূর্ণ নির্দায় নির্দ্দোষ ও মুক্তাবস্থায় আমাদের বিক্রয়যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা কালে আপনার নিকট বিক্রয় করতঃ বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম ভবিষ্যতে আমাদের উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমাদের শঠতা ভঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমাদের স্বত্ব দখলের ন্যূনতা হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোন প্রকার হানি বা ক্ষতি হইলে আমরা তজ্জন্য সম্পূর্ণ দায়ী ও দণ্ডনীয় হইব। এবং আইনতঃ ক্ষতিপুরণ সহ পনের সমুদয় টাকা এককালীন ফেরত দিতে ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

বিক্রীত .....

14/11/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

বিক্রীত জমির টাইটেল সম্পর্কীয় নিম্ন 'খ' তপশীলে বর্ণিত কাগজ পত্র দলিল আদি যাহা আমাদের নিকট আছে তাহা আপনাকে অর্পন করিলাম। অত্র বিক্রীত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে অন্য কাগজাদি থাকিলে বা প্রকাশ পাইলে আমরা কোন অফিস আদালত সাক্ষ্য প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে তাহা বে ওজরে - আপনার তলব মত যে কোন অফিস আদালতে দর্শাইতে বাধ্য থাকিব ও উপস্থিত হইয়া আপনার অনুকুলে দিতে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল পোষক কোন সংশোধনী দলিল বা সাপ্লীমেণ্টারী দলিল করিবার আবশ্যক হইলে, তাহা বে ওজর বিনা পনে আপনার খরচায় আপনার অনুকুলে সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে স্বেচ্ছায় সুজ্ঞানে সুস্থ শরীরে নিজ হিতার্থে অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পনের মুল্যের সমুদয় টাকা এক কালীন নগদ বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৩৮৯ সালের - ২৯শে জ্যৈষ্ঠ ইংরাজী ১৯৮৩ সালের - ১৪ই ফেব্রুয়ারী।

"ক" তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

জেলা হুগলী থানা মগরা সাবরেজেষ্ট্রী চুঁচুড়া এলাকাধীন জেঃ এলঃ নং ১ রেঃ সাঃ নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা। জেলা কালেকটারীর ৮নং তৌজি ভুক্ত বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীন বিগত রিভিসন্যাল জরিপে লিপিবদ্ধ -

নিম্ন ......

14/11/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

নিম্ন খতিয়ান ও দাগের অনুগর্ত রায়ত দখলকার সুত্ব বিশিষ্ট ১·৫০ একর বা ৴৪।।·৮০ চার বিঘা দশ কাঠা বার ছটাক শালি জমি সায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেণ্ট সুত্বাদি দরবস্ত্র হক হকুক সম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে ।

| খতিয়ান নম্বর | দাগনম্বর | শ্রেণী | দাগের জমির পরিমান | বিক্রীত জমির পরিমান | বার্ষিক হারাহারি খাজনা |
|---|---|---|---|---|---|
| ৯৪৪ | ১৬৩৭ | শালী | ০·৪০ | ০·৪০ | ৩·৯১ পঃ |
| ৯৪৫ | ১৬৪০ | শালী | ১·১০ | ১·১০ | |
| | | | ১·৫০ একর | ১·৫০ একর | |

"খ" তপশীল বর্ণিত দলিলাদির পরিচয় ।

১। শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ের নিকট হইতে খরিদা শ্রী গনপতি চট্টোপাধ্যায়ের নামীয় কোবালা দলিল তাং ২৯।১১।১৯৬৩ (১৯৬৩সনের ১১৫৮১নং রেঃ দলিল ) ।

রিভিসন্যাল জরিপের হোয়েরা মৌজার খতিয়ান নং ৯৪৪ ও ৯৪৫
জেলা জরিপের হোয়েরা মৌজার খতিয়ান নং ৫৬৪, ৫৫৫
খাজনার রসিদ খং নং ৯৪৫ ও ৯৪৪ ( ১৩৮৭ ও ১৩৮৮ সন )

২। ঐ খরিদা শ্রী গণপতি চট্টোপাধ্যায় ও শ্রীমতী নিভাননী চট্টোপাধ্যায় নামীয় ১৯৬৫ সনের ৬৩৭৯ নং দলিল ) ।

৩। ঐ খরিদা শ্রীমতী নিভাননী চট্টোপাধ্যায়ের নামীয় কোবালাদলিল তাং ২৪।৪।১৯৬৬ (১৯৬৩ সনের ৪৯৭৬ নং দলিল )

৪। ঐ খরিদা ঐ নামীয় কোবালা দলিল তাং ১৪।৩।১৯৬৭ ( ১৯৬৭ সনের ১৪১২ নং দলিল )

৫। ঐ খরিদা ঐ নামীয় কোবালা দলিল তাং ১০।৫।১৯৬৬ ( ১৯৬৬ সনের ১৯৭৭ নং দলিল ) ।

14/1/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

বিজয়লক্ষ্মী চট্টোপাধ্যায়
গণপতি চট্টোপাধ্যায়



## ॥ পনের টাকার জায় ॥

| | |
|---|---|
| বায়নাবাবদ ২৩শে জুন ১৯৮২ তারিখে লওয়া – | টাকা ৭২৫·০০ |
| বক্রী পনের টাকা – স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া, মগরা ব্রাঞ্চের উপর লিখিত শ্রীমতী বিভাননী চট্টোপাধ্যায়ের নামীয় ব্যাঙ্ক ড্রাফট নং – OL/A/6 035930 তাং ১২ই জানুয়ারী, ১৯৮৩ (টাঃ ২৫,৬১৪·০০) ঐ — ঐ লিখিত শ্রী গণপতি চট্টোপাধ্যায়ের নামীয় ব্যাঙ্ক ড্রাফট নং TT/BD 411766 তাং ১২ই জানুয়ারী, ১৯৮৩ (টাঃ ৯৯৬১·০০) | টাকা ৩৫,৫৭৫·০০ |
| | মোট টাকা ৩৬,৩০০·০০ |

(মোট ছত্রিশ হাজার তিনশত টাকা মাত্র)।

বিজয়লক্ষ্মী চট্টোপাধ্যায়

~~ইসাদী ঃ-~~

গণপতি চট্টোপাধ্যায়

সাক্ষীগণ ঃ-

১। পার্থেন্দ্র চ্যাটার্জী
খোসেরা হুগলী

উঃ: ৭ম পৃষ্ঠায় ১৫ লাইনে 'ইসাদী' কথা কাটা আছে।

গণপতি চট্টোপাধ্যায়

২। S. K. Bose,
Advocate,
Calcutta.

৩। [signature]
(S. Gupta)
Calcutta.

টাইপকারক ঃ
তপন সাহা

শিয়ালদহ।

14/1/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

126/8

996
226
1222
90
1312
225

তারিখ ইং ১৪ই জানুয়ারী ১৯৮৩

বাং ২৯শে পৌষ ১৩৮৯

কোবালা গ্রহীতা ঃ

লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড

14/1/83

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

কোবালা দাতা ঃ

শ্রী গনপতি চট্টোপাধ্যায় দীং

সাফ বিক্রয় কোবালা ।

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly

অর, ডিগনাম এণ্ড কোং

এ্যাডভোকেট

২৯, নেতাজী সুভাষ রোড

কলিকাতা ।